# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৮৮

১০/ কুরবানী প্রসঙ্গে (كتاب الضحايا)

পরিচ্ছেদঃ ৮২. কুরবানীর পশুর বয়স কত হবে সে সম্পর্কে।

باب مَا يَجُوزُ مِنَ السِّنِّ فِي الضَّحَايَا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي شُعَيْبٍ الْحَرَّانِيُّ، حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ، حَدَّثَنَا أَبُو الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ تَذْبَحُوا إِلاَّ مُسِنَّةً إِلاَّ أَنْ يَعْسُرَ عَلَيْكُمْ فَتَذْبَحُوا جَذَعَةً مِنَ الضَّأْنِ " .

বাংলা

২৭৮৮. আহমদ ইবন আবী শু’আয়ব হাররানী (রহঃ) ...... জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা ’মুসিন্না’[১] ছাড়া (কম বয়সের পশু) কুরবানী করবে না। তবে যদি তা সংগ্রহ করা তোমাদের জন্য কষ্টকর হয়, তবে তোমরা ভেড়ার জাযা’আহ[২]-ও যবেহ করতে পার।

## English

Narrated Jabir:
The Messenger of Allah (ﷺ) as saying: Sacrifice only a full-grown animal unless it is difficult for you, in which case sacrifice a lamb.

ফুটনোট

১. উপযুক্ত বয়সের পরও, যা কুরবানির উপুযুক্ত, তাকে মুসান্নি বলা হয়। এর কম বয়সের পশুও কুরবানি আদায় হবে না। উটের জন্য বয়স হতে হবে ৫ বছর আর গরু ও মহিষের জন্য বয়স হতে হবে ২ বছর। কুরবানির জন্য বকরি ও ভেড়ার বয়স হতে হবে কমপক্ষে ১ বছর, এর কম নয়।

২. জাযা'আ বলা হয় ভেড়ার ছ'মাসের বেশী এবং এক বছরের চাইতে কম বয়সের মোটা তাজা বাচ্ছাকে। বস্তুত ভেড়ার বাচ্চা ও দুম্বা ছ'মাসের মধ্যে হৃষ্ট পুষ্ট হয়ে থাকে। সে জন্য নবী (সাঃ) একে কুরবানি দেওয়ার অনুমতি দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=34896

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন